

এসএসসি পরীক্ষা : ৮৯ পরীক্ষার্থী ও চার পরিদর্শক বহিষ্কার

নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

এসএসসি ও সমমান পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে
তৃতীয় দিনের পরীক্ষা চলাকালে ৮৯ জন পরীক্ষার্থীকে
বহিষ্কার করা হয়েছে। একই সময় সিলেট শিক্ষা বোর্ডের
অধীন পরীক্ষা কেন্দ্র থেকে চার পরিদর্শককে বহিষ্কার করা
হয়।

গতকাল বুধবার আন্ত শিক্ষা বোর্ডের এক বিজ্ঞপ্তিতে এসব
তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বহিষ্কার করা
পরীক্ষার্থীদের মধ্যে ২৭ জন মাদরাসা শিক্ষা বোর্ডের এবং

একজন কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ
নিয়েছিল।

এ ছাড়া সাধারণ ৯টি শিক্ষা বোর্ডের অধীনে বহিষ্কার করা
৬১ শিক্ষার্থীর মধ্যে ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ১৫, তাকা
শিক্ষা বোর্ডের ১৪, বরিশাল শিক্ষা বোর্ডের ৯, কুমিল্লা শিক্ষা
বোর্ডের ছয়, রাজশাহী শিক্ষা বোর্ডের ছয়, দিনাজপুর শিক্ষা
বোর্ডের পাঁচ, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের তিন, যশোর শিক্ষা
বোর্ডের দুই এবং সিলেট শিক্ষা বোর্ডের অধীনে একজন
পরীক্ষার্থী রয়েছে।

এদিন সারা দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে মোট
পরীক্ষার্থী ছিল ১৭ লাখ ৯৮ হাজার ৯৪৫ জন। পরীক্ষায়
অনুপস্থিত ছিল ৩০ হাজার ১৮৪ জন বা ১.৬৮ শতাংশ।